

আপনার প্রি-K অফার লাভের সম্ভাবনা কতটুকু জানুন!

প্রিয় পরিবারবর্গ,

আগামী সপ্তাহে আবেদন গ্রহণ শুরু হবার আগে আপনি যখন প্রি-K প্রোগ্রামগুলি অন্বেষণ করছেন, আপনার সন্তানের অফার পাওয়ার সম্ভাবনা কতটুকু তা জানুন। আপনি জানেন কি যে কোনো নির্দিষ্ট প্রি-K প্রোগ্রামে কোন কোন অগ্রাধিকার গ্রুপ ভর্তির অফার পেয়েছে, আপনি তা [মাইস্কুলস্ ডিরেক্টরিতে](#) দেখতে পারেন? এই তথ্য দেখতে:

1. আপনি আগ্রহী এমন একটি স্কুল খুঁজুন এবং আরও তথ্য দেখতে স্কুলের মাইস্কুল পেজটি আনতে সেটার নামের উপর ক্লিক করুন
2. প্রোগ্রামের নাম বেছে নিন (উদাহরণস্বরূপ, “Pre-K School Day”)
3. স্ক্রল করে “My Chances” (আমার সম্ভাবনা) সেকশনটিতে চলে আসুন, সেখানে আপনি দেখতে পাবেন কোন অগ্রাধিকার গ্রুপ অফার পেয়েছে।

কোনো একটি বিশেষ প্রোগ্রামে ভর্তিতে কী কী অগ্রাধিকার আছে, আপনার জন্য সেখানে কোন অগ্রাধিকার রয়েছে, এবং স্প্রিং-এ (বসন্তে) সেই অগ্রাধিকার গ্রুপের অফার পাওয়ার সুযোগ কতটা রয়েছে, সেটা বুঝতে এই তথ্য কাজে লাগতে পারে।

ভর্তির প্রস্তাব বা অফার প্রদান করা হয় উল্লিখিত বিষয়গুলোর ভিত্তিতে:

- আপনার সন্তানের আবেদনপত্রে সেসব পছন্দ তালিকাবদ্ধ করেছেন
- আপনার তালিকাবদ্ধ প্রোগ্রামগুলোতে আসন লভ্যতা
- আপনার তালিকাবদ্ধ প্রোগ্রামগুলোতে আপনার সন্তানের ভর্তিতে অগ্রাধিকার

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট যখন সম্ভব পরিবারদেরকে তাদের সর্বোচ্চ পছন্দে মেলাতে যথাসাধ্য চেষ্টা করে। আপনি যদি একটি প্রোগ্রামে আগ্রহী হন, তাহলে এটিকে একটি আসনের জন্য বিবেচনা করার জন্য একটি পছন্দ হিসাবে তালিকাবদ্ধ করুন, এমনকি যদি আপনার সন্তান ইতোমধ্যেই এতে পড়াশোনা করছে, কোনো ভাই বা বোন পড়াশোনা করছে, অথবা জোনভুক্ত হয়ে থাকে। আপনার সন্তানের আবেদনপত্রে সর্বোচ্চ 12-টি পছন্দ অন্তর্ভুক্ত করতে পারেন! যেসব আবেদনকারী শেষ সময়সীমার মধ্যে প্রি-K-তে আবেদন করে তারা একটি প্রোগ্রামে অফার পাবে, এমনকি সেটা তাদের আবেদনপত্রে একটি পছন্দ হিসেবে না থাকলেও।

মাইস্কুলস্-এ আবেদন শুরু হবার পর, কখনো কখনো সাইটে ট্রাফিক অনেক বেড়ে যেতে পারে। স্মরণ রাখবেন, **প্রি-K-তে ভর্তি আগে এলে আগে পাবেন ভিত্তিতে হয় না।** প্রথম দিন আবেদন করায় কোনো বাড়তি সুবিধা নেই-শেষ সময়সীমার মধ্যে গৃহীত সকল আবেদন সমানভাবে প্রক্রিয়াকরণ করা হবে। আপনি যদি দেখেন যে দেরি হচ্ছে, তবে কয়েক ঘন্টা পর আবার দেখুন।

কোনো প্রশ্ন আছে কি? সহায়তা দেয়ার জন্য আমরা আপনার পাশে আছি। আমাদের ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

শুভেচ্ছান্তে,

3-K/প্রি-K অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের প্রি-K-তে ভর্তি সংক্রান্ত ইমেইল লিস্টে বা তালিকায় নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে **আর কোনও ইমেইল পেতে না চান**, তবে আনসাবস্ক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।